

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.১১৫.২৩ নথির বিষয়: মডুস জোন-৪ এর আওতাধীন মনিপুর-৫ পাম্প স্টেশনের ১১ কেভি এইচটি ক্যাবল পরিবর্তন করনসহ সাব-স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষন কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।
নোট: ১ নোটের বিষয়: মডুস জোন-৪ এর আওতাধীন মনিপুর-৫ পাম্প স্টেশনের ১১ কেভি এইচটি ক্যাবল পরিবর্তন করনসহ সাব-স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষন কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২১/৮/২৩ ৬:৩৯ অপরাহ্ন




মডুস সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষন কাজ এফএম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। মডুস জোন-৪ হতে অভিযোগ প্রাপ্তির প্রেক্ষিতে গত ১৫/০৮/২৩ইং তারিখ মনিপুর-৫ পাম্প স্টেশন পরিদর্শন করে দেখা যায় আলোচ্য পাম্প স্টেশনের বৈদ্যুতিক ১১ কেভি এইচটি ক্যাবল ফল্ট ঘটেছে। সে প্রেক্ষিতে ডেসকোর সহযোগীতায় এইচটি পোল হতে সংযোগ পুরোপুরি বিচ্ছিন্ন করে ক্যাবল, ট্রান্সফরমার, পাম্প-মোটর ডিএফডি প্রভৃতি মেগার দ্বারা চেকিং করা হয়। চেকিংকালে ট্রান্সফরমার ভালো পাওয়া গেলেও এইচটি ক্যাবলটি ফেজ টু ফেজ কন্টিনিউটি পাওয়া যায়নি। সে প্রেক্ষিতে এইচটি ক্যাবল লেইংকৃত রাস্তায় সম্ভাব্য স্থান চিহ্নিত করে ২টি ট্রায়াল হোল খনন করে বিদ্যমান এইচটি ক্যাবল ক্ষতিগ্রস্ত অবস্থায় পাওয়া যায়। পাম্প স্টেশনের এইচটি ক্যাবলটি দৈর্ঘ্য ১৭০ফুটের অধিক তৎমধ্যে প্রায় ৬২ ফুট এইচটি ক্যাবল রাস্তা পূর্ব-পশ্চিম আড়াআড়ি ভাবে স্থাপিত। যা মাটি খনন করে পুরাতন ক্যাবলটি উত্তোলন করে পুনরায় নতুন ক্যাবল স্থাপন করতে হবে। সে কারনে উন্নতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে ক্ষতিগ্রস্ত এইচটি ক্যাবলটি উত্তোলন করা হয় এবং নতুন এইচটি ক্যাবল লেইং শেষে দুই প্রান্তে ক্যাবল কোন তৈরী করে এক প্রান্ত ট্রান্সফরমারে সংযুক্ত ও অপর প্রান্ত এইচটি পোলে উত্তোলন করিয়া ডিওএফসি-লাইটনিং এরেষ্টর স্থাপনসহ ওয়্যারিং করিয়া ডেসকোর সহযোগীতায় ১৬/০৮/২৩ ইং তারিখ রাত ১০ঃ৩০ মিনিটে বিদ্যুৎ দ্বারা পাম্প মোটর চালু করা হয়েছে। আলোচ্য মনিপুর-৫ পাম্প স্টেশনের এইচটি ক্যাবল পরিবর্তনসহ ইলেকট্রিক সাব স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষন কাজ করার জন্য ঢাকা ওয়াসার রেট সিডিউল ও পিডব্লিউডি রেট সিডিউল-২০২২ এর দরের আলোকে একটি খরচের হিসাব তৈরী করা হয়েছে; যাহাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে= ৪৭,৯৬৭/- (সাতচল্লিশ হাজার নয়শত সাতষট্টি টাকা মাত্র) টাকা। আলোচ্য কাজের ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৬৯ হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৪):

- ১। এফ.এম বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ২। জোন হতে প্রাপ্ত চিঠির কপি।
- ৩। দরের স্বপক্ষে প্রামাণিক দলিল।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।




অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২১/৮/২৩ ৬:৪২ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে মডুস জোন-৪ এর আওতাধীন মনিপুর-৫ পাম্প স্টেশনের ১১ কেভি এইচটি ক্যাবল পরিবর্তনসহ ইলেকট্রিক সাব স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষন করিয়া বিদ্যুৎ দ্বারা পাম্প মোটর পরিচালনা করন কাজে উপস্থাপিত মোট= ৪৭,৯৬৭/- (সাতচল্লিশ হাজার নয়শত সাতষট্টি টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর বিধি-৭৬(১)(ট) মোতাবেক আশ্রা ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে সরাসরি কার্য ক্রয় পোষ্ট ফ্যাক্টো হিসেবে সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

			
২১/৮/২৩ ৬:৫১ অপরাহ্ন রঞ্জন বড়ুয়া উপ-সহকারি প্রকৌশলী এফ এম বিভাগ-২	২১/৮/২৩ ৭:০২ অপরাহ্ন আব্দুল্লাহ-আস-সাদিদ সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২১/৮/২৩ ৭:০৯ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মিন নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২২/৮/২৩ ২:২২ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল


২২/৮/২৩ ২:২২ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৩/৮/২৩ ৫:০৮ অপরাহ্ন
অনুমোদিত

			
২৩/৮/২৩ ৫:০৮ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৩/৮/২৩ ৫:৫৪ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মেন নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৩/৮/২৩ ৬:১৪ অপরাহ্ন আব্দুল্লাহ-আস-সাদিদ সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৩/৮/২৩ ৬:১৮ অপরাহ্ন রজন বড়ুয়া উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২

১.৩। চুক্তি সম্পাদনের ব্যবস্থা নিন।

১.৪। আলোচ্য কাজের চুক্তি আকসা ইঞ্জিনিয়ারিং এর সহিত করনের জন্য চুক্তিপত্র তৈরি করে স্বাক্ষরের জন্য পেশ করা হল।



২৪/০৮/২৩
রজন বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম বিভাগ-২, ঢাকা ওয়াশা



২৪/০৮/২৩
আব্দুল্লাহ আস সাদিদ
সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াশা



৫। চুক্তিপত্রের মূলকপি।

১.৫। আলোচ্য কাজের কার্যাদেশ আকসা ইঞ্জিনিয়ারিং এর নামে ইস্যু করার জন্য কার্যাদেশ পত্র তৈরি করে স্বাক্ষরের জন্য পেশ করা হল।


২৪/০৮/২৩
রজন বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম বিভাগ-২, ঢাকা ওয়াশা


২৪/০৮/২৩
আব্দুল্লাহ আস সাদিদ
সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াশা

